# হাদিস শাস্ত্রের পরিভাষা পরিচিতি

বিভাগ/অধ্যায়ঃ সহি হাদিস

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

রাবি

রাবি: ‘রাবি’ আরবি শব্দ, বাংলা অর্থ বর্ণনাকারী ও উদ্ধৃতকারী। হাদিসের পরিভাষায় সনদে বিদ্যমান প্রত্যেক ব্যক্তিকে رَاوِيْ বলা হয়। সাহাবি নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেন, তাবে‘ঈ সাহাবি থেকে বর্ণনা করেন, এভাবে গ্রন্থকার পর্যন্ত সবাই বর্ণনা করেন, তাই সনদে বিদ্যমান প্রত্যেক ব্যক্তি রাবি। উদাহরণে পেশ করা মিসওয়াকের হাদিসে পাঁচজন রাবি রয়েছে। ১-‘রাবি’ সাহাবি আবু হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু, ২-‘রাবি’ তাবে‘ঈ আ‘রাজ, ৩-‘রাবি’ তাবে‘ঈ আবুয যিনাদ, ৪-‘রাবি’ মালিক (ইমাম), ৫-‘রাবি’ আব্দুল্লাহ ইব্‌ন ইউসুফ। তিনি ইমাম বুখারির উস্তাদ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8363

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন